

ভূয়া ওয়েবসাইটে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি

ইউজিসির সতর্ক বার্তা

নিজস্ব প্রতিবেদক

১৯ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



নারায়ণগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নামে ২০২৩ সালে একটি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেয় তৎকালীন সরকার। তবে বিশ্ববিদ্যালয়টিতে এখনও উপাচার্য নিয়োগ দেওয়া হয়নি। শুরু হয়নি একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম। অথচ একটি চক্র বিশ্ববিদ্যালয়টির নামে ভূয়া ওয়েবসাইট তৈরি করে শিক্ষার্থী ভর্তি করছে।

UNIBOTS

সম্প্রতি বিষয়টি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) নজরে এসেছে। ইউজিসির সংশ্লিষ্ট বিভাগ বিশ্ববিদ্যালয়টির নামে প্রতারণা চক্রের পরিচালিত ওয়েবসাইট পর্যালোচনা করেছে। এতে দেখা যাচ্ছে, এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে ভারতের কলকাতার একটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ছবি ব্যবহার করা হয়েছে। এ ছাড়া

ক্যাম্পাস হিসেবে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও অবকাঠামোর ছবি ব্যবহার করা হয়েছে। ভুয়া তথ্যে বিভ্রান্ত হয়ে কোনো প্রকার আর্থিক লেনদেন বা ভর্তিসংক্রান্ত পদক্ষেপ না নেওয়ার জন্য শিক্ষার্থী ও অভিভাবকদের সতর্ক করেছে ইউজিসি